



জেলা শিল্পকলা একাডেমি, সিলেট  
shilpakala.sylhet.gov.bd



স্মারক নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.৪৮.০০১.১৯.১৮৬


তারিখ : ১৫ কার্তিক ১৪২৯  
৩১ অক্টোবর ২০২২

**বিষয় : লিটল ম্যাগাজিন প্রকাশনার লক্ষ্যে লেখা আহ্বান।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিল্প-সাহিত্য, বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল চর্চার বিকাশে লিটল ম্যাগাজিন তথা ছোটকাগজ চর্চা অত্যন্ত তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে থাকে। জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে সিলেট জেলার বিশিষ্ট কবি, লেখক, গবেষক, শিশু-কিশোর, নারী ও প্রবীণসহ সকল পর্যায়ের লেখকগণের মানসম্পন্ন লেখা নিয়ে লিটল ম্যাগাজিন 'সুরমাকপোত' এর ১ম সংখ্যা ইতোমধ্যে প্রকাশিত হয়েছে এবং আমরা বাংলাদেশ শিল্পকলা একাডেমি লিটল ম্যাগাজিন সম্মাননা ২০২২ অর্জন করেছি। এরই ধারাবাহিকতায় লিটল ম্যাগাজিন 'সুরমাকপোত' এর ২য় সংখ্যা প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।


এমতাবস্থায়, লিটল ম্যাগাজিনে প্রকাশনার লক্ষ্যে সমাজ, সাহিত্য ও দর্শন, ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতি, সমসাময়িক, আত্মকথা, প্রবন্ধ, অনুবাদ, ছোটগল্প, নাটক, কবিতা ও ছড়া বিষয়ক মানসম্পন্ন লেখা আগামী ১৫ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে ইমেইলে (sylhet@shilpakala.gov.bd) SutonnyMJ ফন্টে Word File আকারে অথবা লেখকের স্বাক্ষরসহ সরাসরি জেলা শিল্পকলা একাডেমিতে প্রেরণ / জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, লেখা নির্বাচনের ব্যাপারে সম্পাদনা পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
(অসিত বরন দাশ গুপ্ত)  
জেলা কালচারাল অফিসার  
সিলেট  
ফোন : ০২৯৯৬-৬৩৪৮২৮  
sylhet@shilpakala.gov.bd

অনুলিপি : সদয় অবগতির জন্য

১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।

  
(অসিত বরন দাশ গুপ্ত)  
জেলা কালচারাল অফিসার  
সিলেট